

## সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে প্রশিক্ষণের বিকল্প নেই বাকৃবি উপাচার্য

বাকৃবি প্রতিনিধি

২৫ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২৫ আগস্ট ২০১৯ ০০:৪০



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) উপাচার্য অধ্যাপক ড.

লুৎফুল হাসান বলেছেন, প্রশিক্ষণের মাধ্যমে মানুষের জ্ঞান, দক্ষতা, প্রজ্ঞা ও বুদ্ধিমত্তা বৃদ্ধি পায়। আর সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে প্রশিক্ষণের বিকল্প নেই। প্রশিক্ষণের মাধ্যমে পর্যাপ্ত জ্ঞান অর্জন করে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে কাজ করতে হবে।

গতকাল শনিবার সকাল ১০টায় বাকৃবি গ্র্যাজুয়েট ট্রেনিং ইনসিটিউটে (জিটিআই) দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নিয়ে আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

জিটিআইয়ের ১৬ ও ১৭তম ওই প্রশিক্ষণ কর্মশালায় দেশের ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে মোট ৫০ জন নবীন কর্মকর্তা অংশ নিচ্ছেন।

২৫ দিনব্যাপী ওই কর্মশালায় ১৬তম ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর হিসেবে আছেন অধ্যাপক ড. এম. নজরুল ইসলাম; ১৭তম ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর হিসেবে অধ্যাপক ড. মাছুমা হাবিব। জিটিআইয়ের পরিচালক অধ্যাপক মো. মোজাম্মেল হক এতে সভাপতিত্ব করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. নাজিম আহমাদ এবং মার্স্যবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. আবুল মনসুর।

advertisement